



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।
erecruitment.bb.org.bd

বিজ্ঞপ্তি নং : ৩১/২০১৮

তারিখ : ২২ ভাদ্র, ১৪২৫
০৬ সেপ্টেম্বর, ২০১৮

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (প্রকৌশল-তড়িৎ)' পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের
আবেদনের সমর্থনে দলিলাদি জমাদান এবং মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (প্রকৌশল-তড়িৎ)' পদে নিয়োগের নিমিত্তে ২৯/১০/২০১৭ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-
৫৮/২০১৭ এর সূত্রে গত ১১/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মোট ২৫(পঁচিশ) জন প্রার্থীর মৌখিক পরীক্ষা বাংলাদেশ ব্যাংক প্রধান
কার্যালয়ের মূল ভবনে (৪র্থ তলা) নিম্নরূপ সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

রোল নম্বর	তারিখ
100159, 100383, 101613, 101671, 101717, 101739, 101858, 102177, 102754, 103056, 103780, 103983, 103984 = ১৩ জন	১৯/০৯/২০১৮
104086, 104102, 104414, 104418, 104431, 104621, 104629, 104834, 105103, 105356, 105526, 105587 = ১২ জন	২০/০৯/২০১৮

০২। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থীদেরকে দুপুর ৩ঃ৩০টার মধ্যে পরীক্ষাশূলে উপস্থিত থাকতে হবে। বিলম্বে হাজির হওয়ার কোন কারণই কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং প্রার্থীদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে চেকিং বোর্ডে জমা দিতে হবে :

- মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর নিজ স্বাক্ষর ও মোবাইল নম্বরসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ক্রমানুসারে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক, স্নাতকোত্তর/সমমান সনদ (সনদপত্রে সিজিপিএ উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট মার্কশিট/ট্রান্সক্রিপ্ট; ২০/১১/২০১৭ তারিখের পরে ইস্যুকৃত সনদপত্রে ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে ফল প্রকাশের তারিখ উল্লেখ সংক্রান্ত মার্কশিট/ট্রান্সক্রিপ্ট অথবা পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ); উল্লেখ্য, 'O' Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার (বিবাহিতা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা) সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র;
- মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্যাদি এবং এর সমর্থনে প্রমাণক দলিলাদির কপি;

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী:	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ:	মন্তব্য
		(নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে উল্লেখসহ)	১। লাল মুক্তিবর্তী নম্বরঃ ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বরঃ ৩। গেজেট নম্বর ও তারিখঃ ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখঃ ৫। বামুস সনদের নম্বর ও তারিখঃ	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখঃ ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখঃ ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখঃ ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখঃ	

- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট;
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে প্রদত্ত সনদপত্র;
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্র এবং
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

০৩। কোনো ক্ষেত্রে যাচিৎ কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর(Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক